



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

প্রধান আদায় বিভাগ।



মুজিব
মুজিব

মুজিব বর্ষের প্রতিশূলি
আর্থিক খাতের অঙ্গগতি

নং-প্রকা/আদায়-১৮(৫)/২০২০-২০২১/ ৮৬৪

তারিখঃ ০৮-১১-২০২০

উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা

সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এবং মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ দায়েরকৃত সাটিফিকেট মামলাসমূহ ডিসেম্বর/২০২০ মাসের মধ্যে নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বিগত ১১-১০-২০২০ ইং তারিখে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব জাকিয়া সুলতানা এর সভাপতিত্বে বাংলাদেশ কৃষি ব্যাংকের উপর বাণিজ্যিক নিরীক্ষায় উত্থাপিত আপত্তিসমূহ নিয়ে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সভা অনুষ্ঠিত হয়। সভায় সাটিফিকেট মামলাসমূহ নিষ্পত্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হয়েছেঃ

“বাণিজ্যিক নিরীক্ষায় উত্থাপিত আপত্তি সংক্রান্ত সাটিফিকেট মামলা সংশ্লিষ্ট খণ্ডসমূহের অনাদায়ী টাকা ডিসেম্বর/২০২০ মাসের মধ্যে আদায় করে মামলা নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ, যে সব সাটিফিকেট মামলা সংক্রান্ত খণ্ডসমূহ সম্পূর্ণ আদায় হয়েছে সে সকল মামলা দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট সাটিফিকেট অফিসারের সাথে যোগাযোগ করে এবং জেলা প্রশাসনকে সম্পৃক্ত করে মামলা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ তার বাস্তবায়ন অগ্রগতি অত্র বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া সাটিফিকেট মামলাসমূহের নিষ্পত্তির কার্যক্রম তুরান্বিতকরণের লক্ষ্যে শাখাওয়ারী মামলাসমূহ এজিং করে পুরানো মামলাসমূহ অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তির জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।”

০৩। অত্র বিভাগে সংরক্ষিত তথ্য অনুযায়ী দেখা যায় অক্টোবর/২০২০ মাস পর্যন্ত শাখা সমূহে অনিষ্পত্তি সাটিফিকেট মামলার সংখ্যা ৭১০২৭ টি, জড়িত টাকার পরিমাণ ২৫৬.২৯ কোটি টাকা, যার মধ্যে ডিস্ট্রিসেড ওয়ারেন্ট ইস্যুর সংখ্যা ৪৩০৫ টি এবং জড়িত টাকার পরিমাণ ১৩.১২ কোটি টাকা। মামলা নিষ্পত্তির পরিমাণ খুবই নগণ্য।

০৪। বর্ণিত অবস্থায় বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির জন্য সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বাস
(অসীম ভূষণ কুমুর)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/আদায়-১৮(৫)/২০২০-২০২১/

তারিখঃ ০৮-১১-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।

০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। প্রত্রিটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।

০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৮। নথি/ মহানথি।

সুব্রত কুমুর
০৮-১১-২০২০
(নুরুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক